

সেয়ানে সেয়ানে আঁচড়া আঁচড়ি

(১)

। ফুলমণি খবরের কাগজ পড়ছে ॥

ফিন্‌ফিনে শিলাই নদীর বাঁধ বরাবর
পঞ্চায়েতের তত্ত্বাবধানে সুদর্শন লাল মোরামের
নতুন রাস্তা হয়েছে।

বয়স্ক শিক্ষার স্কুলে অক্ষর শিখে
মোরামের ওপর চাটাই বিছিয়ে
মোখা বাগদির চোখট্যারা বৌ ফুলমণি
খবরের কাগজ পড়ছে।

পাশ দিয়ে গ ছাগল রিক্সা সাইকেল ট্রলিভ্যান
চলে যাচ্ছে। ধুলোমাখা কালোকালো
হাটুরে লোকজন চলে যাচ্ছে।
ফুলমণি মন দিয়ে খবর পড়ছে।

(২)

। ফর্সা পাতলা মাধুরী দীক্ষিত ॥

এবার অসম্ভব বউল ধরেছে
ঘন গন্ধে মন ভরে যাচ্ছে।
আমের জংলি সবুজ থেকে বেনেবৌয়ের উজ্জ্বল হলুদ
স্লিম ফিগার বসন্তকে যে সোনার আভায়
মাতিয়ে রেখেছে
আর ফর্সা পাতলা মাধুরী দীক্ষিতকে
কাগজের ছবিতে
একমনে দেখছে ধুমসি নিকষ কেলে ফুলমণি।

(৩)

। যুত্তাক্ষর ॥

কীভাবে মেশিনে রোগা হ'তে হয়,
শ্যাম্পুতে চুলে ওড়াতে হয়,
সাবানে সাদা হ'তে হয়
---কাগজের সমস্ত যুত্তাক্ষর
সযত্নে বানান করে করে প'ড়ে নিচ্ছে



রাজনগর হাটের নবসাক্ষর ফুলমণি মেছুনি।

শুভক্ষর পাত্র

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310

email: editor@srishtisandhan.com